# জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজলী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ০৬/০৬/২০২২ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **মো: নাজিম উদ্দীন, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),** বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের সাবমার্সিবল নলকূপ স্থাপনের তালিকা পাওয়া গিয়েছে। উক্ত নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। কিন্তু একজন ঠিকাদার সাইঠে মেস্ত্রি না পাঠায় কিছুদিন কাজের ব্যঘাত সৃষ্টি হয়েছে। উক্ত ঠিকাদারের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হয়েছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে নির্ধারিত সময়ের মধ্যে ২০২১-২২ অর্থ বছরে নলকূপ স্থাপনের কাজ দ্রুত বাস্তবায়ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) বাঁশখালী, চট্টগ্রাম। |
| ০২ | **জনাব মোহাং মহিউদ্দীন চৌধুরী খোকা, চেয়ারম্যান, সাধনপুর ইউ,পি** সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গ্রীষ্মকালে পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় টিউবওয়েলে পানি উঠে না। ফলে বিশুদ্ধ পানির তীব্র সংকট দেখা দিয়েছে। কিছু কিছু এলাকায় বিদ্যুৎ চালিত মোটর বা সাবমার্সিবল নলকূপ থেকে মানুষ বিশুদ্ধ পানি গ্রহণ করে। কিন্তু অধিকাংশ সাধারণ মানুষ তাদের প্রয়োজন অনুসারে উক্ত নলকূপ ব্যবহার করতে পারেনা। বিদ্যুৎ না থাকলে সাধারণ মানুষ পুকুর ডোবার পানি খেয়ে জীবনধারণ করে। তাই শুষ্ক মৌসুমে বিকল্প বিশুদ্ধ পানি পাওয়ার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সভায় বিস্তরিত আলোচনান্তে, পানির লেয়ার নিচের স্তরে যাওয়া বিদ্যুৎ ব্যতীত অন্য কোনো উপায়ে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য উদ্বর্তন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালী, চট্টগ্রাম। |

রেহেনা কাজলী

CS CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
জনস্বাস্থ্য,স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক
উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২- ২৫২

তারিখ ঃ ০৬/০৬/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

মোঃ নাজিম উদ্দীন
উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
বাঁশখালী,চট্টগ্রাম

CamScanner

**জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পষিদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ০১/১১/২০২১ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **মোঃ নাজিম উদ্দীন, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায়** জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২০-২১ অর্থ বছরে ৩৬৪টি সাবমার্সিবল নলকুপ স্থাপনের কাজ প্রায়ই সমাপ্ত হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে গত বছরের ন্যায় ৩৬৪টি সাবমার্সিবল নলকুপের বরাদ্দ পাওয়া যাবে। তাই প্রত্যেক ইউনিয়নে নলকূপের সাইট সিলেকশন করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২০-২১ অর্থ বছরে অবশিষ্ট সাবমার্সিবল নলকুপ স্থাপনের কাজ দ্রুত সমাপ্ত করার নিমিত্ত সংশ্লিষ্ট ঠিকাদারকে নোটিশ প্রদান করার প্রয়জনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালীকে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) বাঁশখালী, চট্টগ্রাম। |
| ০২ | **জনাব মোহাং মহিউদ্দীন চৌধুরী খোকা, চেয়ারম্যান, সাধনপুর ইউ,পি** সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। দেশের আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ বাহিনী নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কালীপুর ইউনিয়নে রামদাশ মুন্সির হাটে পুলিশ পাড়ির নিকটবর্তী স্থানে কোনো নলকুপ না থাকায় বিশুদ্ধ পানির ঘাটতি রয়েছে। তাই উপজেলা পরিষদ থেকে একটি গভীর নলকুপ স্থাপনের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, কালীপুর ইউনিয়নে রামদাশ মুন্সির হাটে পুলিশ পাড়িতে ২০২১-২২ অর্থ বছরের বাজেট হতে একটি গভীর নলকুপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালী, চট্টগ্রাম। |
| ০৩ | **জনাব মুজিবুর রহমান, চেয়ারম্যান, চাম্বল ইউ,পি** সভায় জানান তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। উপজেলা প্রাণিসম্পদ অফিসের জরুরি বিভাগে প্রাণিদের সুস্থ রাখার স্বার্থে ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের পানি সংকট নিরসনে উপজেলা পরিষদ থেকে সাবমার্সিবল নলকুপ স্থাপনের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রাণি সম্পদ অফিসে ১টি সাবমার্সিবল নলকুপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/১১/২০২১ইং

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
জনস্বাস্থ্য,স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক
উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১-৬৮৭

তারিখ ঃ ০১/১১/২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

Nazim 01/11/2021

মোহাম্মদ নাজিম উদ্দীন
উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
বাঁশখালী,চট্টগ্রাম

CamScanner